

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৫, ২০১৪

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৩ আশ্বিন ১৪২১/১৮ সেপ্টেম্বর ২০১৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৩.৩০১—শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ সাদিক ১২ ফেব্রুয়ারি ১৯৮৪ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক দীর্ঘ প্রায় ৩০ বছর ৭ মাস সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৮ সেপ্টেম্বর ২০১৪ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন। কর্মজীবনে তিনি সততা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। সরকারের নীতি ও কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি নিষ্ঠার স্বাক্ষর রেখেছেন। সরকারের সচিব হিসাবে তাঁর দায়িত্ববোধ ও কর্তব্যপরায়ণতা প্রশংসার দাবিদার। দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ড. মোহাম্মদ সাদিককে ধন্যবাদ জানিয়ে, তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে এবং সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন মর্মে আশা প্রকাশ করে মন্ত্রিসভার ৩১ ভাদ্র ১৪২১/১৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

২। ড. মোহাম্মদ সাদিককে ধন্যবাদ জ্ঞাপন করে মন্ত্রিসভার ৩১ ভাদ্র ১৪২১/১৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা

মন্ত্রিপরিষদ সচিব

(১৮৬১৩)

মূল্য ৪ টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

৩১ ভাদ্র ১৪২১
ঢাকা : ১৫ সেপ্টেম্বর ২০১৪

শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ সাদিক গত ১২ ফেব্রুয়ারি ১৯৮৪ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক দীর্ঘ প্রায় ৩০ বছর ৭ মাস সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৮ সেপ্টেম্বর ২০১৪ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেছেন। কর্মজীবনে তিনি সততা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। সরকারের নীতি ও কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি নিষ্ঠার স্বাক্ষর রেখেছেন। সরকারের সচিব হিসাবে তাঁর দায়িত্ববোধ ও কর্তব্যপরায়ণতা প্রশংসার দাবিদার। দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা ড. মোহাম্মদ সাদিক-কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে। মন্ত্রিসভা আশা প্রকাশ করছে যে, সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন।